গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা
www.cabinet.gov.bd.

নম্বর-০৪.০০.০০০০.৫১৩.১৭.১৮৮.২০১৫-২৬২

তারিখ: ২৩ ফাল্গুন ১৪২২ / ০৬ মার্চ ২০১৬

**বিষয়: জেলা প্রশাসকের পদ হতে ঢাকায় বদলিকৃত কর্মকর্তার নামে বাসা বরাদ্দ প্রদান সংক্রান্ত।**

সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্রসংখ্যা (১) ০৩.০৭৩.০২৭.২৫.০০.০০২.২০১৪(অংশ)-২২৪ তারিখ: ১৯.৮.২০১৫ এবং (২) ০৩.০৬৯.০৪৪.০৩.০০.০০১.২০১৬-৪৯ তারিখ: ১৭.০২.২০১৬

মাঠ পর্যায়ে সরকারি কর্মকর্তাদের সার্বক্ষণিকভাবে কর্মস্থলে অবস্থান নিশ্চিতকরণের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ হতে বিভিন্ন সময়ে নির্দেশনা জারি করা হয়েছে। সরকারি দায়িত্ব যথাযথভাবে পালনের স্বার্থে মাঠ পর্যায়ে নিয়োজিত কর্মকর্তাবৃন্দ, বিশেষত জেলা প্রশাসকগণের সপরিবার কর্মস্থলে অবস্থানের আবশ্যকতা রয়েছে। উল্লেখ্য, প্রত্যেক জেলায় জেলা প্রশাসকের জন্য নির্দিষ্ট সরকারি বাসভবন রয়েছে। তা সত্ত্বেও অনেক জেলা প্রশাসক সপরিবার কর্মস্থলে অবস্থান করেন না। বিষয়টি পরীক্ষা করে দেখা গেছে, ঢাকায় সরকারি আবাসনের অপ্রতুলতা থাকায় জেলা প্রশাসকের পদ হতে ঢাকায় বদলিকৃত কর্মকর্তাগণকে সরকারি বাসা পাওয়ার জন্য দীর্ঘদিন অপেক্ষা করতে হয়। সে কারণে ঢাকায় সরকারি বাসায় বসবাসকারী কর্মকর্তাগণ ঢাকার বাইরে বদলি হলেও ঢাকার বাসা ছাড়তে অনাগ্রহী থাকেন। এছাড়াও, বিভিন্ন বাস্তব কারণে কোন কোন কর্মকর্তা জেলা প্রশাসক হিসাবে নিয়োগ পেতে আগ্রহী হন না। বিষয়গুলি পরীক্ষান্তে এ সম্পর্কিত সমস্যাসমূহ পর্যায়ক্রমে নিরসনের উদ্যোগ নেওয়া হয়েছে।

০২। জেলা প্রশাসকগণ সপরিবার কর্মস্থলে বসবাস করলে তাঁদের পক্ষে দায়িত্ব পালনে সম্পূর্ণ মনোনিবেশ এবং জনগণকে অধিকতর সেবা প্রদান সম্ভব। তাছাড়া, তাঁদের সন্তান সংশ্লিষ্ট জেলার শিক্ষা-প্রতিষ্ঠানে পড়াশুনা করলে অভিভাবক হিসাবে তাঁরা জেলার শিক্ষা প্রতিষ্ঠানসমূহের উন্নয়ন তথা শিক্ষার মানোন্নয়নে অধিকতর সক্রিয় ভূমিকা রাখতে আগ্রহী হন। অধিকন্তু, জেলা প্রশাসক-পত্নী সংশ্লিষ্ট জেলায় বসবাস জেলার শিক্ষা, খেলাধুলা এবং সামাজিক-সাংস্কৃতিক উন্নয়নে নারীর ভূমিকা জোরদার করার ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করতে পারেন।

০৩। উপর্যুক্ত প্রেক্ষাপটে, **মাননীয় প্রধানমন্ত্রী জেলা প্রশাসকদের পরিবার তাঁদের কর্মস্থলে রাখার সদয় নির্দেশনা প্রদান করেছেন।** এ বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক সূত্রে উল্লিখিত (১) নম্বর স্মারকে মন্ত্রিপরিষদ বিভাগকে অনুরোধ জানানো হয়েছে।

০৪। উল্লেখ্য, Allocation of Business among the different Ministries and Divisions অনুযায়ী সরকারি কর্মকর্তা-কর্মচারিগণের অনুকূলে সরকারি বাসার বরাদ্দ প্রদানের বিষয়টি তাঁর মন্ত্রণালয়ের কার্যপরিধিভুক্ত। ঢাকা শহরে সরকারি কর্মকর্তা-কর্মচারিগণের আবাসনের অপ্রতুলতা দূরীকরণের লক্ষ্যে দীর্ঘমেয়াদে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। এ জন্য সরকারের পরিত্যক্ত ও অব্যবহৃত জমি এবং জরাজীর্ণ ও মেরামতের অযোগ্য সরকারি বাসভবন চিহ্নিত করে এসব জমিতে সরকারি কর্মকর্তা-কর্মচারিগণের জন্য পর্যাপ্ত সংখ্যক বহুতলবিশিষ্ট অ্যাপার্টমেন্ট বিল্ডিং নির্মাণের জন্য মাননীয় প্রধানমন্ত্রী ইতোমধ্যে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়কে সদয় নির্দেশনা প্রদান করেছেন। সে অনুযায়ী উক্ত মন্ত্রণালয় হতে কয়েকটি প্রকল্প প্রণয়নপূর্বক পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে মর্মে মন্ত্রিপরিষদ বিভাগ অবহিত হয়েছে।

চলমান

০৫। উল্লেখ্য যে, ঢাকার ইস্কাটন এলাকার কিছু স্বল্পপরিসর বাসা (improvised accommodation) এক সময় ঢাকার বাইরে থেকে বদলি হয়ে আসা কর্মকর্তাদেরকে সাময়িকভাবে বরাদ্দ প্রদানের জন্য নির্দিষ্ট ছিল। ঢাকায় সরকারি বাসার অপ্রতুলতার কারণে এগুলি স্থায়ীভাবে বরাদ্দ প্রদান করা হয়। ঢাকা শহরের উল্লিখিত নতুন আবাসিক ভবনসমূহের নির্মাণ সমাপ্ত হলে সরকারি কর্মকর্তা-কর্মচারিগণের আবাসন সঙ্কট অনেকাংশে লাঘব হবে। সে অবস্থায় ইস্কাটনের অপরিসর বাসাসমূহ এবং টিকাটুলির ইলিশিয়াম রেস্ট হাউজের কক্ষগুলি ঢাকা থেকে বাইরে বদলি হওয়া কর্মকর্তাদের পরিবারের অনুকূলে এবং ঢাকার বাইরে থেকে বদলি হয়ে আসা কর্মকর্তাদের অনুকূলে সাময়িকভাবে বরাদ্দ প্রদানের ব্যবস্থা চালু করা যেতে পারে। এছাড়া, জেলা প্রশাসক হতে ঢাকায় পুনঃবদলি হয়ে আসা কর্মকর্তাদের অনুকূলে অগ্রাধিকার ভিত্তিতে সরকারি বাসার বরাদ্দ প্রদানের বিষয়টি বিবেচনা করা যেতে পারে। এতে সরকারি কর্মকর্তাবৃন্দ, বিশেষভাবে জেলা প্রশাসকদের ঢাকায় ফিরে আসার পর সরকারি বাসা প্রাপ্তির ব্যাপারে দুশ্চিন্তার অবসান ঘটবে এবং তাঁরা সপরিবার কর্মস্থলে অবস্থানে আগ্রহী হবেন।

০৬। এজন্য, ইস্কাটন এলাকার অপরিসর বাসাসমূহ এবং টিকাটুলির ইলিশিয়াম রেস্ট হাউজের কক্ষগুলি পর্যায়ক্রমে সংরক্ষণ করে ঢাকার বাইরে থেকে বদলি হয়ে আসা কর্মকর্তাদের অনুকূলে সাময়িকভাবে বরাদ্দ প্রদানের ব্যবস্থা চালুকরণ এবং জেলা প্রশাসক হতে ঢাকায় পুনঃবদলি হয়ে আসা কর্মকর্তাদের অনুকূলে অগ্রাধিকার ভিত্তিতে সরকারি বাসার বরাদ্দ প্রদান করতে তাঁর মন্ত্রণালয়কে অনুরোধ করা যেতে পারে মর্মে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক জেলা প্রশাসকদের পরিবার তাঁদের কর্মস্থলে রাখার সদয় নির্দেশনার পরিপ্রেক্ষিতে আরও কয়েকটি পত্রসহ একটি সারসংক্ষেপের সঙ্গে উপর্যুক্ত খসড়া প্রেরণ করা হয়। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সারসংক্ষেপ এবং প্রস্তাবিত পত্রের খসড়া নীতিগতভাবে অনুমোদিত হলে তাঁর মন্ত্রণালয়কে নির্দেশনা প্রদানের অনুরোধ করা হবে মর্মে উল্লেখ করা হয়।

০৭। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রেরিত সারসংক্ষেপের প্রস্তাব মাননীয় প্রধানমন্ত্রী সদয় অনুমোদন করেছেন এবং জেলা প্রশাসকগণ ঢাকার বাইরে থেকে ঢাকায় বদলি হয়ে আসলে আগে যাঁর নামে সরকারি বাসার বরাদ্দ ছিল, প্রাপ্যতা অনুযায়ী তাঁর নামে বাসা বরাদ্দের পূর্বে প্রয়োজনে ছোট বাসার বরাদ্দ দিতে এবং প্রয়োজনীয় সংখ্যক ছোট বাসা তৈরির জন্য তাঁর মন্ত্রণালয়কে পরামর্শ দিতে সূত্রে উল্লিখিত (২) নম্বর স্মারকে অনুরোধ জানানো হয় (চিত্রপ্রতিলিপি সংযুক্ত)।

০৮। এমতাবস্থায়, উপর্যুক্ত বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনার আলোকে যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং গৃহীত কার্যক্রম সম্পর্কে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করতে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে এক পাতা।

(হাবিবুর রহমান)
উপসচিব
ফোন: ৯৫৭৬৪৮৮
email: gfa_branch@cabinet.gov.bd

সচিব
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

<u>অনুলিপি:</u>

১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২। বিভাগীয় কমিশনার,.......................... (সকল)।
৩। জেলা প্রশাসক,............................... (সকল)।